গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
প্রশিক্ষণ অধিশাখা
প্রশিক্ষণ শাখা-২
**www.lawjusticediv.gov.bd**

নম্বরঃ ১০.০০.০০০০.১৫১.২৯.০০৪.২৫-৯৭

তারিখঃ ১৩ পৌষ ১৪৩২ / ২৮ ডিসেম্বর ২০২৫

**বিষয়ঃ দেশের সকল জেলার বিজ্ঞ জেলা ও দায়রা জজ, মহানগর দায়রা জজ, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ও চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটগণের উদ্দেশ্যে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের অভিভাষণ প্রদান প্রসঙ্গে।**

সূত্র: স্মারক নং-১জে-২০/২০২২ (অংশ-১ক)-১২২৪৪ জে, তারিখ-২৮/১২/২০২৫, হাইকোর্ট বিভাগ (বিচার শাখা), বাংলাদেশ সুপ্রীম কোর্ট।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শে আগামী ৩০/১২/২০২৫ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় বাংলাদেশ সুপ্রীম কোর্ট অডিটোরিয়ামে আয়োজিত বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের অভিভাষণ প্রদান অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য দেশের সকল জেলার বিজ্ঞ জেলা ও দায়রা জজ, মহানগর দায়রা জজ, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এবং চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট-কে মনোনয়ন প্রদান করা হলো।

২. উল্লেখ্য, উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণকারী বিজ্ঞ বিচারকগণ বিধি মোতাবেক টিএ/ডিএ প্রাপ্ত হবেন। এতে অংশগ্রহণের জন্য প্রাধিকারপ্রাপ্ত বিজ্ঞ বিচারকগণ সরকারি গাড়ি ব্যবহার করে অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পারবেন, তবে এক্ষেত্রে তিনি টিএ (ভ্রমণ ভাতা) প্রাপ্ত হবেন না।

স্বা./
**(ড. আবুল হাসানাত)**
যুগ্মসচিব (প্রশিক্ষণ অধিশাখা)

নম্বর: ১০.০০.০০০০.১৫১.২৯.০০৪.২৫.৯৭/১(৭)

তারিখ: ১৩ পৌষ ১৪৩২ / ২৮ ডিসেম্বর ২০২৫

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। জনাব/ বেগম.........................................................।
৩। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪। সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৫। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬। গার্ড ফাইল।
৭। অফিস কপি।

২৮/১২/২৫
**(মারুফ আলম)**
সিনিয়র সহকারী সচিব